



স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২০. ২২৬২

তারিখ :- ০৭ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
২১ জুন, ২০২০ খ্রিঃ

“ Request for quotation(RFO) ”

নিম্নের বর্ণনা অনুযায়ী অত্র সমিতির নিম্নবর্ণিত ভবন ও ওয়াল সমূহে মালামাল সরবরাহ পূর্বক ওয়েদার কোর্ট/স্কাটিং কাজের জন্য জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	কাজের ধরণ	ভবন/কক্ষ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	ওয়েদার কোর্ট	এফ-২ টাইপ ভবনের বহিরাংশ	১৩৬২২ বর্গফুট		
০২	ওয়েদার কোর্ট	সি-২ টাইপ ভবনের বহিরাংশ	৩২০০ বর্গফুট		
০৩	ওয়েদার কোর্ট	ভিআইপি রেষ্ট হাউজ ভবনের বহিরাংশ	৩৮০০ বর্গফুট		
০৪	ওয়েদার কোর্ট	সামনের বাউন্ডারী ওয়ালের ২ পাশের বহিরাংশ	৩২২৫ বর্গফুট		
০৫	ওয়েদার কোর্ট	ষ্টোরের পিছনের বাউন্ডারী ওয়ালের ২ পাশের বহিরাংশ	৩৩৬০ বর্গফুট		
		মোট ওয়েদার কোর্ট =	২৭২০৭ বর্গফুট		
০৬	কালো স্কাটিং	(১০০০ + ৩০৫ + ৩৬৬ + ২৭৫) সর্বমোট স্কাটিং =	১৯৪৬ বর্গফুট		

শর্তাবলী :-

- (১) মালামাল (বার্জার রং) সরবরাহ পূর্বক সমিতির নির্দেশনা মোতাবেক রং এর কাজ সম্পন্ন করতে হবে।
- (২) আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- (৩) দরপত্র সমূহ সীল মোহরযুক্ত খামে আগামী ২৮-০৬-২০২০ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত যে কোন দিন (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা অথবা (খ) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ২৮-০৬-২০২০ ইং তারিখ বেলা ১২-৩০ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- (৪) সরকারী নিয়মানুযায়ী মোট মূল্য হতে ভ্যাট/আয়কর কর্তন করা হবে।
- (৫) দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ওয়েদারকোর্ট/স্কাটিং কাজের দরপত্র” কথাটি লিখতে হবে। একক মূল্য ও মোট মূল্য ঘষা-মাজা গ্রহণযোগ্য নহে।
- (৬) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স এর অনুলিপি সংযুক্ত করতে হবে।
- (৭) কার্যাদেশ প্রদানের সময় প্রয়োজনে কাজের পরিমাণ কম/বেশী হতে পারে এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (৮) সিডিঘর এবং ভবনের ওয়াল থেকে পূর্বের চূনা/রং ময়লা ঘষে তুলে ফেলতে হবে। দুই কোর্ট রং করতে হবে। মেঝে, দরজা, জানালা, ফার্নিচারে লেগে থাকা ময়লা কাজ শেষে পরিস্কার করতে হবে। কাজ করার সময় আসবাবপত্র/যন্ত্রাদি ঢেকে রেখে কাজ করতে হবে।
- (৯) কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সমিতি কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা মোতাবেক কাজ সম্পন্ন করতে হবে।
- (১০) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে “একাউন্টপেয়ী চেক” এর মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে।
- (১১) নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{৩}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- (১২) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পবিস

অনুলিপিঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহণের সদয় অনুরোধ করা হলো।)
- (২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো।)
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।
- (৪) প্রশাসক, জেলা পরিষদ, জয়পুরহাট।
- (৫) জেলা প্রশাসক/পুলিশ সুপার, জয়পুরহাট।
- (৬) সিঃ জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..... পবিস-১/২/৩/৪,.....।
- (৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, জয়পুরহাট।
- (৮) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত বিভাগ, জয়পুরহাট
- (০৯) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/কালাই/ক্ষেতলাল/পাঁচবিবি/আক্কেলপুর।
- (১০) মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
- (১১) ডেপুটি জেনারেল ম্যানেজার, কারিগরী/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই, জপবিস।
- (১২) নোটিশ বোর্ড, জয়পুরহাট সদর অফিস, জপবিস।
- (১৩) মেসার্স

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের
মাধ্যমে বহুল প্রচারের
জন্য অনুরোধ করা হলো।

জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পবিস

